

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৫০.১৬-২৪৪

তারিখ : ২৬/০৪/২০১৬খ্রিঃ

বিষয় : গ্রামপুলিশ বাহিনীর (দফাদার ও মহক্কাদার) সদস্যদের অবসর গ্রহণকালে এককালীন অনুদান প্রসঙ্গে।

সূত্র : ১। অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০.১২৯.০০.০০৩.১২-১৫ তারিখঃ ২৬/০১/২০১৬খ্রিঃ।

২। ৪৬.০১৮.০৩২.০০.০০.০৫০.১৬-৯৭, তারিখঃ ১৪/০২/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গ্রামপুলিশ বাহিনীর (দফাদার ও মহক্কাদার) সদস্যদের অবসর গ্রহণকালে এককালীন অনুদান হিসেবে দফাদারগণকে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা এবং মহক্কাদারগণকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (যার ৫০% সরকারি কোষাগার হতে এবং ৫০% ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল হতে) নির্বাহে অর্থ বিভাগ হতে সন্মতি জ্ঞাপন করা হয়েছে(কপি সংযুক্ত), যা এ আদেশ জারির তারিখ অর্থাৎ ২৬/০১/২০১৬ খ্রিঃ হতে কার্যকর হবে।


০২। সূত্রোক্ত ২নং স্মারকে তাঁর জেলাধীন গ্রামপুলিশ বাহিনীর (দফাদার ও মহক্কাদার) সদস্যদের অবসর গ্রহণকালে এককালীন অনুদানের চাহিদাপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি। ফলে গ্রামপুলিশ বাহিনীর (দফাদার ও মহক্কাদার) সদস্যদের অবসর গ্রহণকালে এককালীন অনুদানের চাহিদাপত্র অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হচ্ছে না।

০৩। এমতাবস্থায়, তাঁর জেলাধীন গ্রামপুলিশ বাহিনীর (দফাদার ও মহক্কাদার) সদস্যদের অবসর গ্রহণকালে এককালীন অনুদানের চাহিদাপত্র আগামী ৩০/০৪/২০১৬ তারিখের মধ্যে ই-মেইল/ফ্যাক্স যোগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২ (ফর্দ)।

ইমেইল ঠিকানা : sasup2.lgd@gmail.com

ফ্যাক্স : ০২-৯৫১৫১৪৩


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫১৪১৯০

জেলা প্রশাসক(সকল)

.....